

তারিখ: ০৬.০৪.২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

চসিকের স্বাধীনতা বইমেলার আলোচনা সভায় হাফিজুর রহমান পরিচ্ছন্ন মন নিয়ে কাজ করলেই ক্রীড়াঙ্গনে ইতিবাচক পরিবর্তন আসবে

চট্টগ্রাম জেলা ক্রীড়া সংস্থার সাবেক সাধারণ সম্পাদক মো. হাফিজুর রহমান বলেছেন, সুস্থ সমাজ গঠনে খেলাধুলার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে যারা খেলাধুলার সঙ্গে জড়িত, তাদের আগে নিজেদের মানসিকভাবে সুস্থ হতে হবে। হিংসা বিদ্বেষ থেকে মুক্ত থেকে নিরপেক্ষ ও পরিচ্ছন্ন মন নিয়ে কাজ করতে পারলেই ক্রীড়াঙ্গনে ইতিবাচক পরিবর্তন আসবে। কোন ব্যক্তি কোন দলের, সেটি বিবেচনা না করে বরং সে কাজের জন্য যোগ্য কিনা সেটাই মূল্যায়ন করা উচিত। যোগ্য ব্যক্তিকে সঠিক স্থানে দায়িত্ব দিলে তবেই একটি সুস্থ ব্যবস্থা গড়ে উঠবে। সোমবার (৬ এপ্রিল) বিকেলে নগরীর কাজীর দেউরী জেলা স্টেডিয়াম সংলগ্ন জিমেনেসিয়াম মাঠের বই মেলা মঞ্চে স্বাধীনতা বই মেলার আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে ১৯ দিন ব্যাপি বই মেলার ৭ম দিনে "সুস্থ সমাজ বিনির্মাণে ক্রীড়ার অবদান অনস্বীকার্য" শীর্ষক এই আলোচনা সভার আয়োজন করা হয়। প্রফেশনাল খেলোয়াড়দের রাজনীতিতে সম্পৃক্ত না হওয়ার আহ্বানকে সমর্থন জানিয়ে হাফিজুর রহমান বলেন, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দেশের প্রতিনিধিত্বকারী খেলোয়াড়রা জাতির সম্পদ। তাদের মূল মনোযোগ খেলাধুলায় থাকা উচিত। এতে দেশের সুনাম বৃদ্ধি পায় এবং ক্রীড়াক্ষেত্রে উন্নয়ন সম্ভব হয়। একইসঙ্গে পেশাদার রাজনীতিবিদদেরও সরাসরি ক্রীড়াঙ্গনে হস্তক্ষেপ না করা উচিত। এতে অপ্রয়োজনীয় দ্বন্দ্ব ও বিভাজন এড়ানো সম্ভব হবে। তিনি বলেন, ক্রীড়াঙ্গনে নেতৃত্বে আসা উচিত সাবেক খেলোয়াড়দের, যারা অভিজ্ঞতা ও দক্ষতার মাধ্যমে খেলাধুলাকে এগিয়ে নিতে পারবেন। সংগঠক হতে হলেও ধাপে ধাপে শিখে দক্ষ হয়ে উঠতে হয়। বক্তব্যের শেষে তিনি ইংরেজি প্রবাদ "Right man in the right place" উল্লেখ করে বলেন, যারা রাজনীতি করবেন তারা রাজনীতিতে মনোযোগ দিন, আর যারা খেলাধুলা করবেন তারা খেলাধুলাকে এগিয়ে নিন, তবেই একটি ভারসাম্যপূর্ণ ও উন্নত সমাজ গড়ে উঠবে। হাফিজুর রহমান আয়োজকদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেন, আমাদের মতো ক্রীড়াঙ্গনের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের মূল্যায়ন করা এবং আলোচনায় অংশগ্রহণের সুযোগ দেওয়া সত্যিই প্রশংসার দাবিদার। সিটি কর্পোরেশনের এমন আয়োজন প্রশংসনীয়। আলোচনা সভা ও বইমেলার পাশাপাশি খেলাধুলা বিষয়ক আলোচনা যুক্ত করা একটি সমন্বিত উদ্যোগ। এ ধরনের আয়োজন সমাজকে ইতিবাচক পথে এগিয়ে নিতে সহায়ক ভূমিকা রাখবে। অনুষ্ঠানে বেতার ও টেলিভিশনের শিল্পী চন্দ্রিমা ভৌমিক রাত্রী ও আলাউদ্দিন আলমগীর গান পরিবেশন করেন এবং চসিকের পূর্ব বাকলিয়া উচ্চ বিদ্যালয় ও কলেজ, আলকরন সুলতান আহমদ দেওয়ান স্কুল এবং পোস্তার পাড় আসমা খাতুন স্কুল ও কলেজের শিক্ষার্থীরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেন। চট্টগ্রাম জেলা ক্রীড়া সংস্থার সাবেক অতিরিক্ত সাধারণ সম্পাদক সৈয়দ শাহাবুদ্দীন শামীমের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ আলোচক ছিলেন চট্টগ্রাম জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি সৈয়দ মুহাম্মদ শহিদুল ইসলাম, চট্টগ্রাম জেলা ক্রীড়া সংস্থার সাবেক যুগ্ম সম্পাদক মো. আমিনুল ইসলাম, চট্টগ্রাম স্পোর্টস জার্নালিস্ট এসোসিয়েশনের সভাপতি শাহনেওয়াজ রিটন। অনুষ্ঠান পরিচালনা করেন টিভি ও বেতারের উপস্থাপিকা নাহিদা নাজু। আগামীকাল মঙ্গলবার স্বাধীনতার বই মেলা মঞ্চে বীর মুক্তিযোদ্ধা সমাবেশ ও আলোচনা সভা অনুষ্ঠিত হবে। এতে প্রধান অতিথি থাকবেন মুক্তিযুদ্ধ গবেষক বীর মুক্তিযোদ্ধা ডা. মাহফুজুর রহমান। সভাপতিত্ব করবেন প্রখ্যাত রাজনীতিবিদ বীর মুক্তিযোদ্ধা একরামুল করিম চৌধুরী, বিশেষ আলোচক থাকবেন বীর মুক্তিযোদ্ধা কমান্ডার শাহাবুদ্দিন আহমেদ চৌধুরী।



আমিরবাগে মেয়র কাপ ব্যাডমিন্টন টুর্নামেন্টের উদ্বোধন

চট্টগ্রাম নগরীর আমিরবাগে ব্যাডমিন্টনপ্রেমীদের অংশগ্রহণে জমকালো আয়োজনে "মেয়র কাপ ব্যাডমিন্টন টুর্নামেন্ট ২০২৬"-এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আমিরবাগ ব্যাডমিন্টন কমিটির উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র ডা. শাহাদাত হোসেন। প্রধান অতিথির বক্তব্যে মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, তরুণ সমাজকে সুস্থ ও মাদকমুক্ত রাখতে খেলাধুলার কোনো বিকল্প নেই। তিনি বলেন, "খেলাধুলা শুধু বিনোদনের মাধ্যম নয়, এটি শারীরিক ও মানসিক বিকাশের অন্যতম গুরুত্বপূর্ণ উপাদান। এ ধরনের আয়োজন তরুণদের ইতিবাচক কাজে সম্পৃক্ত করে এবং সামাজিক বন্ধনকে আরও সুদৃঢ়

করে।” তিনি ভবিষ্যতেও এমন ক্রীড়া উদ্যোগ অব্যাহত রাখার আহ্বান জানান এবং আয়োজকদের ধন্যবাদ জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহরাব মাসুক (স্কুল অ্যান্ড কলেজ অফ সাইন, বিজনেস অ্যান্ড হিউম্যানিটিজ), মোঃ শহিদুল ইসলাম চৌধুরী (সভাপতি, অংকুর সোসাইটি বালিকা উচ্চ বিদ্যালয়), লোকমান হোসেন (আমিরবাগ আ/এ কল্যাণ সমিতি) এবং মো. ওমর ফারুক চৌধুরী (সহ-সভাপতি, চট্টগ্রাম ফার্নিচার সমিতি)। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আমিরবাগ ব্যাডমিন্টন কমিটির সভাপতি মো. রফিকুল ইসলাম। সঞ্চালনা করেন ফয়সাল মনির চৌধুরী। এ সময় খেলোয়াড়দের মধ্যে উপস্থিত ছিলেন সি. শহিদ, গাজী মো. তৌয়ব, মো. বাহার উদ্দীন, মো. টিপু, মো. বাপ্পি, মো. রনি, মো. রাসেল, মো. আতিক ও মো. আলম। উদ্বোধনী অনুষ্ঠানে ছাত্র-যুবকসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে পুরো আয়োজনটি প্রাণবন্ত হয়ে ওঠে। টুর্নামেন্টটি স্থানীয় খেলোয়াড়দের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনার সৃষ্টি করেছে বলে আয়োজকরা জানান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮